



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

সংশোধিত

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি পরী:-২০২৪/৪৮৬৮

তারিখ : ০৩/০৯/২০২৪ খ্রি.

## এইচএসসি পরীক্ষা-২০২৪ এর জরুরি বিজ্ঞপ্তি

এইচএসসি পরীক্ষা ২০২৪-এ অংশগ্রহণকারী পরীক্ষার্থীর নিম্নবর্ণিত তথ্য প্রেরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ মহোদয়গণকে অনুরোধ করা হলো।

### এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রেরণ করবেন। কোন অবস্থাতেই ব্যবহারিক পরীক্ষার অজুহাতে পরীক্ষার্থীদের কলেজে আনা যাবে না)

- সকল পরীক্ষার্থীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT, বিষয় কোড- ২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার প্রাপ্ত নম্বর (শ্রেণি কার্যক্রম চলাকালে প্রাপ্ত) অনলাইনে প্রেরণ করে এর প্রিন্টকপি কেন্দ্রে সংক্ষণ করতে হবে এবং মূলকপি (Final List) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের তালিকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- অনুষ্ঠিত পরীক্ষাগুলোতে অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক স্বাক্ষরলিপি এককপি কেন্দ্রে সংরক্ষণ করে মূল কপি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

### এইচএসসি পরীক্ষা ২০২৪ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- ১৯৯৬ সালের পূর্বে এসএসসি পাস করা প্রাইভেট পরীক্ষার্থীদের এসএসসি পাসের নম্বরপত্রের ফটোকপি (সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক যাচাইকৃত) এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে। (সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে পরীক্ষার্থীদের তালিকা পরীক্ষা শাখা হতে সংগ্রহ করতে হবে)

### ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী O Level পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- সমতুল্য সনদধারী (O Level) পরীক্ষার্থীদের জেএসসি/সমমান (প্রযোজ্য ক্ষেত্রে) ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র (নম্বর/গ্রেড প্রদান পদ্ধতির প্রমাণক কাগজপত্রসহ), দিনাজপুর শিক্ষা বোর্ডের সমতুল্য সনদ এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

### ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী কারিগরি/মাদ্রাসা/উন্মুক্ত পরীক্ষার্থীদের ক্ষেত্রে

(সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ প্রেরণ করবেন)

- যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের জেএসসি/সমমান ও এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং এইচএসসি পরীক্ষা-২০২৪ এর প্রবেশপত্রের ফটোকপি ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ কর্তৃক সত্যায়ন করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুরের পরীক্ষা শাখায় হাতে হাতে জমা দিতে হবে।

উল্লিখিত তথ্য আগামী ১২/০৯/২০২৪ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মীর সাজ্জাদ আলী

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ

দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন

সকল এইচএসসি পরীক্ষা-২০২৪ এর সকল কেন্দ্র/প্রতিষ্ঠান।